

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৬৫

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ ফজরের দু' রাকআত সুন্নত হালকা পড়া, তাতে কী সূরা পড়া হয় এবং তার সময় কী?

আরবী

عَن عَائِشَةَ رَضِيَ اللهُ عَنهَا : أَنَّ رَسُولَ اللهِ عَلَيهِ النِّدَاءِ وَالْإِقَامَةِ مِنْ صَلاَةِ الصَّبْحِ متفقٌ عَلَيهِ وَلِإِقَامَةِ مِنْ صَلاَةِ الصَّبْحِ متفقٌ عَلَيهِ وَفِي روايَةٍ لَهُمَا : يُصلِّي رَكْعَتَي الفَجْرِ فَيُخَفِّفُهُمَا حَتَّى أَقُولَ : هَلْ قَرَأَ فِيهِمَا بِأُمِّ القُرْآنِ وفي رواية لَهُما : يُصلِّي رَكْعَتَي الفَجْرِ إِذَا سَمِعَ الأَذَانَ وَيُخَفِّفُهُمَا وفي رواية: إذَا طَلَعَ الفَجْرُ

বাংলা

(৮৬৫) আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সময় আযান ও ইকামতের মাঝখানে সংক্ষিপ্ত দু' রাকআত নামায পড়তেন। (বুখারী ৬১৯, মুসলিম ১৭১৬)

উভয়ের অন্য বর্ণনায় আছে, আযান শোনার পর তিনি ফজরের দু' রাকআত সুন্নত এত সংক্ষেপে পড়তেন যে, আমি (মনে মনে) বলতাম, তিনি সূরা ফাতেহাও পাঠ করলেন কি না (সন্দেহ)? (বুখারী ১১৭১, মুসলিম ১৭১৭-১৭১৮)

মুসলিমের এক বর্ণনায় আছে, যখন তিনি আযান শুনতেন তখন ঐ দু' রাকআত সংক্ষিপ্তভাবে পড়তেন। অন্য বর্ণনায় আরো আছে, যখন ফজর উদয় হয়ে যেত। (১৭১৪-১৭১৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন